

# সখিপুর পৌরসভা কার্যালয়

## সখিপুর, টাঙ্গাইল।

স্মারক নং- সপৌ/প্রশাঃ/ইজারা/০১-১৬/২০২৪/৮০

তারিখঃ ২২/০২/২০২৪ খ্রি.

### হাট-বাজার ও পাবলিক টয়লেট ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সখিপুর পৌরসভার নিয়ন্ত্রণাধীন সখিপুর হাট- বাজার এবং পাবলিক টয়লেট বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হইতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে শর্ত সাপেক্ষে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

ক্রঃ নং	ইজারা প্রদানের বিষয়	১৪৩১ সনের সরকারী মূল্য	সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)
০১	সখিপুর হাট ও বাজার	৫৮,৪৬,৯৬০/- (আটাল্ল লক্ষ ছেচল্লিশ হাজার নয়শত ষাট) টাকা	১২,৮০০/- (বার হাজার আটশত) টাকা
০২	কাহারতা বাংলা বাজার হাট	৮,৯৬০/- (আট হাজার নয়শত ষাট) টাকা	৫০০/- (পাঁচশত) টাকা
০৩	সখিপুর পুরাতন পৌর ভবন সংলগ্ন পাবলিক টয়লেট	১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকা	১০০০/- (এক হাজার) টাকা

### দরপত্র বিক্রয় ও দাখিলের ক্যালেন্ডার (সময়সূচী) :

বিবরণ	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ	মন্তব্য
১ম বার	১০/০৩/২০২৪ খ্রিঃ	১১/০৩/২০২৪ খ্রিঃ দুপুর ২:০০ টা পর্যন্ত	১১/০৩/২০২৪ খ্রিঃ বেলা ৩:০০ টা	যে কোন বার দরপত্র নিয়মানুযায়ী অনুমোদিত হইলে পরবর্তীতে দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলিয়া গণ্য হইবে।
২য় বার	১৯/০৩/২০২৪ খ্রিঃ	২০/০৩/২০২৪ খ্রিঃ দুপুর ২:০০ টা পর্যন্ত	২০/০৩/২০২৪ খ্রিঃ বেলা ৩:০০ টা	
৩য় বার	০১/০৪/২০২৪ খ্রিঃ	০২/০৪/২০২৪ খ্রিঃ দুপুর ২:০০ টা পর্যন্ত	০২/০৪/২০২৪ খ্রিঃ বেলা ৩:০০ টা	

#### ০১। দরপত্র বিক্রয়ের বিবরণঃ


ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে অফিস চলাকালীন সময় পর্যন্ত দরপত্র (ক) সখিপুর পৌরসভা কার্যালয় (খ) জেলা প্রশাসক, টাঙ্গাইল কার্যালয়ের স্থানীয় সরকার শাখা (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সখিপুর, টাঙ্গাইল (ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সখিপুর, টাঙ্গাইল (ঙ) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, সখিপুর শাখা, টাঙ্গাইল এবং (চ) অফিসার ইন চার্জ, সখিপুর থানা, টাঙ্গাইল এর কার্যালয় হতে নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। বিস্তারিত তথ্যের জন্য সখিপুর পৌরসভা কার্যালয়ে যোগাযোগ করা যাবে।

#### ০২। দরপত্র গ্রহণ ও খোলার বিবরণঃ

দরপত্র সমূহ বেলা ২.০০ টা পর্যন্ত (ক) সখিপুর পৌরসভা কার্যালয় (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সখিপুর (গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সখিপুর (ঘ) পুলিশ সুপারের কার্যালয়, টাঙ্গাইল এবং (ঙ) জেলা প্রশাসক, টাঙ্গাইল-এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাস্তবে ইজারা দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত দিনে গ্রহণ করা হইবে এবং উল্লেখিত দিন ও সময়ে পৌর কার্যালয়ে দরপত্রদাতাদের কিংবা তাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

#### ০৩। ইজারার শর্তাবলী:

- দরপত্রদাতাকে তার দাখিলকৃত দরের ৩০% অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে (চেক গ্রহণযোগ্য নয়), মেয়র, সখিপুর পৌরসভার অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে অনুমোদিত দরদাতার ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে।
- অনুমোদিত দরপত্রদাতা অবহিত হইবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ইজারার অবশিষ্ট ৭৫% অর্থ এবং অনুমোদিত দরের ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল ও জামানত বাজেয়াপ্ত করা হইবে।
- খামের উপরে দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের/ পাবলিক টয়লেটের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- পৌর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র/ সমুদয় দরপত্র গ্রহণ কিংবা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
২২/০২/২০২৪  
(মোঃ আবু হানিফ আজাদ)  
মেয়র  
সখিপুর পৌরসভা, টাঙ্গাইল।